

প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

- পতি : জনাব উত্তম কুমার চক্রবর্তী বাচ্চু  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর।
- স্থান : উপজেলা শিক্ষা অফিস, মনিরামপুর, যশোর মহোদয়ের সভাকক্ষ।
- তারিখ ও সময় : ১৫ সেপ্টেম্বর ২০২১, সময় : সকাল ১০:৩০ ঘটিকা।
- আলোচ্য বিষয় :-
- ১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ, সংশোধন ও অনুমোদন সংক্রান্ত।
  - ২। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চাহিদা ভিত্তিক শ্রেণী কক্ষ/ শিক্ষক কক্ষ নির্মাণ সংক্রান্ত তালিকা অনুমোদন।
  - ৩। ঘূর্ণিঝড় আফানে বিদ্যালয় ক্ষয়ক্ষতি সংক্রান্ত।
  - ৪। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী তিনি উপজেলা শিক্ষা অফিসারকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার রেজুলেশন অনুমোদন	উপজেলা শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর বিগত সভার রেজুলেশন পাঠ করে শুনান।	সিদ্ধান্ত অতঃপর কোনরূপ সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
০২	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চাহিদা ভিত্তিক শ্রেণী কক্ষ/ শিক্ষক কক্ষ নির্মাণ সংক্রান্ত তালিকা অনুমোদন	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান অত্র উপজেলার ১৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চাহিদাভিত্তিক শ্রেণীকক্ষ/ শিক্ষক কক্ষ নির্মাণ সংক্রান্ত তালিকা প্রস্তুত করা হয়েছে যা অত্র সভায় অনুমোদন প্রয়োজন।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার ১৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চাহিদা ভিত্তিক শ্রেণী কক্ষ/ শিক্ষক কক্ষ নির্মাণ সংক্রান্ত তালিকা উপজেলা শিক্ষা কমিটিতে উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩	ঘূর্ণিঝড় আফান ক্ষতিগ্রস্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় মেরামত ও সংস্কারের প্রাক্কলন অনুমোদন ও কার্য সম্পাদন সংক্রান্ত	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান অত্র উপজেলার ঘূর্ণিঝড় আফান ক্ষতিগ্রস্ত ০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় মেরামতের জন্য বরাদ্দ পাওয়া গেছে। তন্মধ্যে ২টি বিদ্যালয়ে ২লক্ষ টাকার বরাদ্দ থাকার কারণে ০২টি বিদ্যালয় মেরামত করা যাবে। বরাদ্দ প্রাপ্ত বিদ্যালয়ে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যা সভায় অনুমোদন প্রয়োজন।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলায় ঘূর্ণিঝড় আফান ক্ষতিগ্রস্ত ০২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় মেরামতের প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত বিষয় উপজেলা শিক্ষা কমিটিতে উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
০৪	বিবিধ	সভায় সভাপতি জানান যে, অত্র উপজেলার যে সমস্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড চলমান রয়েছে তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনিটরিং করার জন্য উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন।	সভায় বিস্তারিত আলোচনান্তে অন্যান্য সদস্যগণ জানান যে, অত্র উপজেলার যে সমস্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড চলমান রয়েছে তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ও এইউইও কর্তৃক মনিটরিং করার জন্য সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(উত্তম কুমার চক্রবর্তী বাচ্চু)

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

মনিরামপুর, যশোর।

তারিখ : ১৫/০৯/২০২১ খ্রি:

স্মারক নং-উশিকা/মনি:/যশোর/২০১৯/৩৯৯(৩)

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৯, যশোর-৫ (মনিরামপুর)।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর।
- ০৪। জনাব..... মনিরামপুর, যশোর।
- ০৪। অফিস কপি।

(সেহেলী ফেরদৌস)  
২৫/৯/২১

উপজেলা শিক্ষা অফিস